গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট কোর্ট, যশোর

স্মারক নং ২৩২ তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ / ৪ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

নিম্ন উল্লিখিত পদসমূহে সরাসরি নিয়োগ নিমিত্ত প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে উপযুক্ত প্রার্থী বাছাই এর লক্ষ্যে বর্ণিত তথ্যাদি অনুসারে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

| ক্রম | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | স্টেনো-টাইপিস্ট | ২ | ১০২০০-২৪৬৮০; ১৪ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যুন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং (খ) কম্পিউটর ব্যবহারে দক্ষতা। |
| ২ | বেঞ্চ সহকারী | ১ | ৯৩০০-২২৪৯০; ১৬ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক/সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারে পারদর্শিদের অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ৩ | টাইপিষ্ট/কপিষ্ট | ২ | | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক/সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। বাংলা এবং ইংরেজী টাইপিং-এ প্রতি মিনিটে যথাক্রমে ৩০ এবং ৩৫ শব্দের গতি থাকিতে হইবে। কম্পিউটারে পারদর্শিদের অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ৪ | প্রসেস সার্ভার | ১ | ৮৫০০-২০৫৭০; ১৯ | স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫ | দপ্তরি | ১ | | |
| ৬ | নৈশ প্রহরী | ২ | ৮২৫০-২০০১০; ২০ | |
| ৭ | অফিস সহায়ক | ৫ | | |
| ৮ | মালি | ১ | | |

২। প্রার্থীর বয়স: ১ নভেম্বর ২০২৪ খ্রি. তারিখে অনধিক ৩২ (বত্রিশ) বছর। এসএসসি বা সমমানের পরীক্ষার সনদ অনুযায়ী বয়স নির্ধারিত হবে। বয়স নির্ধারণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। আবেদনপত্র: cjmj.teletalk.com.bd পোর্টাল ব্যবহার করে নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র দাখিল করা যাবে ১৭ ডিসেম্বর ২০২৪ খ্রি. পূর্বাহ্ণ ১০:০০ ঘটিকা হতে ৩১ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখ অপরাহ্ণ ৫:০০ ঘটিকা পর্যন্ত।

আবেদনটি সফলভাবে দাখিল করার পর একটি User ID প্রাপ্ত হবেন। টেলিটক ফোন নম্বর ব্যবহার করে ১-৩ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ২২৫ টাকা এবং ৪-৮ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ১১৫ টাকা ফি জমা দিতে হবে। ফি প্রদানের জন্য নিম্নবর্ণিত পদক্ষেপ অনুসরণ করুন। ফি প্রদান করা যাবে ৩ জানুয়ারি ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত।

প্রথম মেসেজ: মোবাইল ফোনের মেসেজ অপশনে গিয়ে টাইপ করুন [CJMJ] স্পেস [User ID] সেন্ড করুন ১৬২২২ নম্বরে;

টেলিটক: মেসেজের মাধ্যমে নাম, পদ ও পিন জানাবে;

দ্বিতীয় মেসেজ: মোবাইল ফোনের মেসেজ অপশনে গিয়ে টাইপ করুন [CJMJ] স্পেস [Yes] সেন্ড করুন ১৬২২২ নম্বরে;

টেলিটক: ফিরতি মেসেজের মাধ্যমে লেনদেনটি সম্পন্ন হয়েছে মর্মে আপনাকে জানাবে।

৪। প্রবেশপত্র: cjmj.teletalk.com.bd পোর্টাল ব্যবহার করে প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন ৫ জানুয়ারি ২০২৫ খ্রি. তারিখ হতে।

৫। নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সার্কুলার নং-৮/২০১৫ ও সরকারি অন্যান্য বিধিবিধান অনুসরণ করা হবে।

৬। এই বিজ্ঞপ্তি স্থগিত, বাতিল, পদসংখ্যা হ্রাস বা বৃদ্ধিসহ নিয়োগ সম্পর্কিত সকল কার্যক্রমে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।

৭। পরীক্ষা সম্পর্কিত সকল বিজ্ঞপ্তি https://cjmcourtjashore.gov.bd/circular/circularlist এ প্রকাশ করা হবে।

*স্বাক্ষরিত*
(ফাহ্‌মিদা জাহাঙ্গীর)
চেয়ারম্যান
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
ও
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, যশোর